

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়
উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো
মৌলিক সাক্ষরতা প্রকল্প (৬৪ জেলা)
২৩২/১, তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা-১২০৮
www.blp.gov.bd

নং: ৩৮.৩৯৯.০০২.০০.০০.৯৯.২০১৮- ৪৪০


তারিখ: ২৬/০৬/২০২১

বিষয়: প্রথম পর্যায়ে চুক্তিবদ্ধ বাস্তবায়কারী সংস্থার ১ম কিস্তির ১০% অর্থ প্রদান প্রসঙ্গে।

উপরোক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, মৌলিক সাক্ষরতা প্রকল্প (৬৪ জেলা) এর প্রথম পর্যায়ের চুক্তিবদ্ধ বাস্তবায়নকারী ১৩৪ টি সংস্থার অনুকূলে ১ম কিস্তির প্রাপ্য টাকার ৯০% অর্থ ইতিপূর্বে অগ্রিম প্রদান করা হয়েছে। অবশিষ্ট ১০% অর্থ পরিশোধের ক্ষেত্রে সংস্থার নিজস্ব প্যাডে চাহিদা পত্র প্রেরণ করতে হবে (নমুনা কপি সংযুক্ত)। উক্ত চাহিদা পত্রের সঙ্গে ১ম কিস্তির অনুমোদিত হিসাব বিবরণী: কপি, ভ্যাট ও আয়কর জমার চালানের কপি এবং সফলভাবে কর্মসূচী সমাপ্তির অন্যান্য প্রমানক সংযুক্ত করতে হবে।

প্রাপক
নির্বাহী প্রধান

.....
.....


(শার্মীমূল হক পাভেল)
প্রকল্প পরিচালক
ফোন: ০২-২২২২৮৫৭৮০



অনুলিপি:

০১। সহকারী পরিচালক, জেলা উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো, জেলা.....।

০২। উপজেলা প্রোগ্রাম অফিসার, মৌলিক সাক্ষরতা প্রকল্প (৬৪ জেলা), উপজেলা....., জেলা.....।

চাহিদা পত্র (নমুনা কপি)

বরাবর
প্রকল্প পরিচালক
মৌলিক সাক্ষরতা প্রকল্প (৬৪ জেলা)

বিষয়: ১ম কিস্তির অবশিষ্ট ১০% অর্থ পরিশোধ প্রসঙ্গে।

উপরোক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, অত্র প্রকল্পের জেলার উপজেলার ১৮০০ শিক্ষার্থীর অনুকূলে ১ম কিস্তির প্রাপ্য ১৮,৭৮,০০০.০০ (আঠার লক্ষ আটাত্তর হাজার) টাকার ৯০% ১৬,৯০,২০০.০০ (ষোল লক্ষ নব্বই হাজার দুইশত) টাকার চেক অগ্রিম গ্রহণ করি(শিক্ষার্থী কম-বেশী হলে আনুপাতিক হারে টাকা কম-বেশী হবে)। অবশিষ্ট ১০% ১,৮৭,৮০০.০০ (এক লক্ষ সাতাশি হাজার আটশত) টাকা পরিশোধের জন্য বিনীত অনুরোধ করছি। উল্লেখ্য ইতোপূর্বে শতভাগ অর্থাৎ ১৮,৭৮,০০০.০০ (আঠার লক্ষ আটাত্তর হাজার) টাকার বিল ভাউচার আপনার দপ্তরে জমা দেওয়া হয়েছে।

নির্বাহী প্রধান

সংযুক্তি:

১. ১ম কিস্তি অনুমোদিত হিসাব বিবরণীর কপি।
২. ১ম কিস্তির প্রাপ্য চেকের কপি।
৩. ১ম কিস্তি বাবদ ভ্যাট ও আয়কর জমার চালানের কপি।
৪. সফল ভাবে কাজ সমাপ্তির অন্যান্য প্রমাণক।

